



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর

www.jessoreboard.gov.bd

স্মারক নম্বর প্র:ব্যাংক-৪১৬

তারিখ: ২৮-০২-২০১৯ খ্রি.

বিষয় : অনলাইন প্রশ্ন ব্যাংকে প্রশ্ন আপলোড কর্মসূচিতে অংশগ্রহণ সংক্রান্ত

এতদ্বারা সংশ্লিষ্ট সকলকে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, অভ্যন্তরীণ পরীক্ষা গ্রহণের লক্ষ্যে অনলাইনে প্রশ্ন আপলোড, মডারেশন, প্রশ্নপত্র প্রণয়ন ও প্রেরণ প্রক্রিয়া শিক্ষা মন্ত্রণালয়ের নির্দেশে যশোর শিক্ষা বোর্ডের প্রশ্ন ব্যাংকের মাধ্যমে পরিচালিত হচ্ছে। প্রতিষ্ঠান প্রধান, প্রশ্নপত্র প্রণয়ন ও মডারেশন কাজে সংশ্লিষ্ট শিক্ষক-কর্মকর্তাদের মতামতের ভিত্তিতে চলমান প্রশ্ন ব্যাংকের আপডেট ভার্সন প্রশ্ন ব্যাংক পর্ব-২ তৈরী করা হয়েছে। প্রশ্ন ব্যাংকের আপডেট ভার্সন প্রশ্ন ব্যাংক পর্ব-২ এ সিঙ্গেল ও পূর্ণসেট প্রশ্নপত্র আপলোড ও মডারেশন করতে পারবেন।

আসন্ন ২০১৯ সালের অর্ধ-বার্ষিক ও প্রাক নির্বাচনি পরীক্ষা গ্রহণের লক্ষ্যে প্রথম ধাপে ১. বাংলা, ২. গণিত, ৩. বিজ্ঞান, ৪. পদার্থবিজ্ঞান, ৫. রসায়ন, ৬. জীববিজ্ঞান, ৭. ভূগোল ও পরিবেশ, ৮. হিসাববিজ্ঞান, ৯. বাংলাদেশের ইতিহাস ও বিশ্বসভ্যতা, ১০. বাংলাদেশ ও বিশ্বপরিচয় এর অভিজ্ঞ শিক্ষকদের নিকট থেকে প্রশ্ন ব্যাংকে অনলাইনে প্রশ্ন আপলোড কর্মসূচির আয়োজন করা হয়েছে।

এ লক্ষ্যে আগামী ৮ মার্চ, ২০১৯ শুক্রবার সকাল ৯:০০ টায় সি.এস.এস আভা সেন্টার, স্ট্রান্ট রোড, খুলনায় প্রশ্ন ব্যাংকের আপডেট ভার্সন প্রশ্ন ব্যাংক পর্ব-২ এর দিনব্যাপী অনলাইনে প্রশ্ন আপলোড কর্মসূচি অনুষ্ঠিত হবে। এ কর্মসূচির শুভ উদ্বোধন করবেন প্রফেসর মোহাম্মাদ আব্দুল আলীম, চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর।

উক্ত কর্মসূচিতে নিম্ন বর্ণিত শিক্ষা প্রতিষ্ঠানের প্রতিষ্ঠান প্রধানসহ উপরে বর্ণিত বিষয়সমূহের প্রতি বিষয়ের ০১ জন করে মোট ১০ জন বিষয়ভিত্তিক শিক্ষককে নির্ধারিত তারিখ ও সময়ে উপস্থিতির জন্য অনুরোধ করা হ'ল।

বিশেষ নির্দেশাবলি :

- ** বর্ণিত বিষয়গুলিতে শ্রেণিতে পাঠদান করেন, আইসিটিতে দক্ষ ও BEDU কর্তৃক ১২ দিনের প্রশিক্ষণপ্রাপ্ত মাস্টারট্রেইনারদের অগ্রাধিকার দিতে হবে।
- ** অংশগ্রহণকারী শিক্ষককে সংশ্লিষ্ট বিষয়ের পাঠ্যবই, বোর্ড কর্তৃক প্রদত্ত সিলেবাস বিভাজনের কপি, ল্যাপটপ ও মডেমসহ উপস্থিত থাকতে হবে।
- ** কর্মসূচিতে অংশগ্রহণের সময় সংশ্লিষ্ট বিষয়ের (অর্ধ-বার্ষিক ও প্রাক নির্বাচনি পরীক্ষার সিলেবাস বিভাজন অনুযায়ী) পূর্ণ একসেট CQ এবং MCQ প্রশ্ন UNICOD/NIKOSHAN ফন্টে টাইপ করে আনতে হবে।

(প্রফেসর মাধব চন্দ্র রুদ্র)

পরীক্ষা নিয়ন্ত্রক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড

যশোর

ফোন: ০৪২১-৬৮৬৬৬

ই-মেইল: controller@jessoreboard.gov.bd

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো :

- ১। সিনিয়র সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা
- ২-৪। সচিব/বিদ্যালয় পরিদর্শক/উপ-পরিচালক (হিওনি) মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর
- ৫। পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, খুলনা অঞ্চল, খুলনা
- ৬। জেলা শিক্ষা অফিসার, খুলনা
- ৭-১৬। অধ্যক্ষ/প্রধান শিক্ষক, খুলনা জিলা স্কুল, খুলনা/ খুলনা পাবলিক কলেজ, বয়রা, খুলনা/ সেন্ট জোসেফ মাধ্যমিক বিদ্যালয়/ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল, খুলনা/সকারি করোনেশন বালিকা মাধ্যমিক বিদ্যালয়, খুলনা/ফাতিমা উচ্চ বিদ্যালয়, খুলনা/দৌলতপুর সরকারি মুহসিন মাধ্যমিক বিদ্যালয়, খুলনা/খুলনা ইঞ্জিনিয়ারিং ইউনিভার্সিটি স্কুল, খুলনা/নৌবাহিনী স্কুল এন্ড কলেজ, খুলনা/খুলনা কলেজিয়েট গার্লস স্কুল, খুলনা
- ১৭। থানা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, কোতয়ালী/খানজাহান আলী, খুলনা
- ১৮। নথি